



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৪৪৮/ঢাকা/ ৯৯৯৪

তারিখ: ৩০/৮/১৭

বিষয়: বিদ্যালয়ের এডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: তার ৩০/০৪/২০১৭ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা এস.আর.ও নং- ৯৯/আইন/২০০৯-এর ৩৯(১)নং ধারা অনুযায়ী নিম্নলিখিত সদস্যবৃন্দ সমন্বয়ে গঠিত ন্যাশনাল আইডিয়াল স্কুল-এর এডহক কমিটি পত্র ইস্যুর তারিখ থেকে ৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে। এ মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৪/২০১১ তারিখের শিম/শাঃ১১/১০-১১/২০০৯/১৭১ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯” এর ৪১(২) (খ)৪ অনুযায়ী ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি-কে শিক্ষক-কর্মচারী নিয়োগের যে ক্ষমতা দেয়া হয়েছে তা কেবল মাত্র নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির মাধ্যমে সম্পন্ন করতে হবে। কোনক্রমেই এডহক বা বিশেষ ধরনের কমিটি/গভর্নিং বডির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না। উল্লেখ্য, এ কমিটির মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হলে বিদ্যালয়ের অনুমতি/স্বীকৃতি বাতিলসহ শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদী বন্ধ করা হবে।

- | | | |
|----------------------------------|------------------|---|
| ১। জনাব মোঃ বোরহান উদ্দিন ভূইয়া | সভাপতি | বোর্ড কর্তৃক মনোনীত। |
| ২। জনাব মোঃ মাকছুদ উদ্দিন | অভিভাবক সদস্য | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত।
পত্র নং- ৫৮
তারিখ- ২২/০১/২০১৭ |
| ৩। জনাব শেখ ফরিদ আহমেদ | শিক্ষক প্রতিনিধি | জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত।
পত্র নং- ১৯৮৪
তারিখ- ২৫/০৪/২০১৭ |
| ৪। প্রধান শিক্ষক | সদস্য সচিব | পদাধিকার বলে। |

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রাপক: প্রধান শিক্ষক
ন্যাশনাল আইডিয়াল স্কুল
মান্ডা, সবুজবাগ, ঢাকা।

স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

মেমো নং- ৯৯৯৪(৪)

তারিখ: ৩০/৮/১৭

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, ঢাকা।
- ২। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৩। সভাপতি, এডহক কমিটি, ন্যাশনাল আইডিয়াল স্কুল।
- ৪। অফিস কপি।

১০.০৪.১৭
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

৩০/৮/১৭